

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২৩২

তারিখ : ০১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ  
১৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

### সংবাদ বিজ্ঞপ্তি

**অধ্যাপক ড. সাদেকা হালিম জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ  
পাওয়ায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর  
রশীদ এর অভিনন্দন**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) নতুন ভাইস চ্যান্সেলর ও বিশ্ববিদ্যালয়টির ইতিহাসে প্রথম নারী ভাইস চ্যান্সেলর হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম নিয়োগ পাওয়ায় স্বাগত ও আন্তরিকভাবে অভিনন্দন জ্ঞাপন করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

অভিনন্দন বার্তায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ মহোদয় বলেন, অধ্যাপক ড. সাদেকা হালিম-এর বলিষ্ঠ নেতৃত্ব ও সৃজনশীলতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় আরো বেশি সমৃদ্ধি অর্জন ও শিক্ষাব্যবস্থার মানোন্নয়নে আরো একধাপ এগিয়ে যাবে।

দেশের উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়নে ও এদেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থাকে বর্হিবিশ্বের উন্নত শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলিয়ে চলতে অধ্যাপক ড. সাদেকা হালিম সর্বদাই নিজেকে নিয়োজিত রেখেছেন এবং সে অনুযায়ী তিনি কাজ করে যাবেন এমনটাই আশা ব্যক্ত করেন মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

উল্লেখ্য, বৃহস্পতিবার (৩০ নভেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিশ্ববিদ্যালয়-২ অধিশাখার এক প্রজ্ঞাপনে এই নিয়োগ আদেশ জারি করা হয়। ফলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১০ (১) ধারা অনুযায়ী প্রয়াত ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. ইমদাদুল হকের স্থলাভিষিক্ত হলেন অধ্যাপক ড. সাদেকা হালিম।

স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।